

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা।
- ২। পূর্বানুমোদিত দরের কপি।
- ৩। PWD রেট সিডিউল এর কপি।
- ৪। ক্যালকুলেশন।
- ৫। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ- Different Diameter of water line leakage detection and repairing at DMA-805 under MODS Zone-8, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।



১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডুস জোন-৮ এ ডিএমএ-৮০৫ এর আওতাধীন মধ্য বাড্ডা পোষ্ট অফিস গলি, মধ্য বাড্ডা আদশ নগর, বড়টেক, পূব বাড্ডা টেকপাড়া, পূব বাড্ডা সোনাকাটারা, পূব বাড্ডা কবরস্থান, মেরুল বাড্ডা ইত্যাদি বিভিন্ন এলাকায় ঢাকা উত্তর সিটিকর্পোরেশন কর্তৃক স্টর্ম সুয়ার লাইন স্থাপনের সময় এক্সকেভেটর দ্বারা স্থাপনকৃত বিভিন্ন ব্যাসের HDPE পাইপ লাইন ক্ষতি গ্রস্ত করে মাটির উপরে তুলে ফেলা, কেটে ফেলা সহ বিভিন্ন ভাবে লিকেজ করে থাকে। যার ফলে ক্ষতি গ্রস্ত লাইন দিয়ে প্রচুর পানি বেরিয়ে পানির অপচয় হয়। তাৎক্ষণিক ভাবে বিভিন্ন সুইচ ভান্স বন্ধ করে পানি অপচয় রোধ করা হলেও এলাকায় পানি সরবরাহে বিঘ্ন ঘটে। এ ছাড়াও বিভিন্ন সময়ে বিভিন্ন সংস্থা কর্তৃক যত্রতত্র রাস্তা কাটা এবং গ্রাহক কর্তৃক সার্ভিস লাইন ডিএনসিসি'র ডেন ও সুয়ার লাইনে ও খালের ভিতর দিয়ে গ্রহণ করার ফলে সার্ভিস লাইন লিকেজ দেখা দেয়। পানির লাইন লিকেজ হওয়ার কারণে গ্রাহক পানি না পাওয়া ও ময়লা পানি পাওয়ার অভিযোগ প্রদান করেন। এই পরিস্থিতি হতে উত্তরণ এবং ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে বিদ্যমান লিকেজ গুলি মেরামত করা প্রয়োজন।

২। উপরোল্লিখিত কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার পূর্বানুমোদিত দর এবং PWD রেট সিডিউল-২০২২ এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে “পার্ট-এ” - তে মালামাল বাবদ ১,৮০,৯০৫.০০/- (এক লক্ষ আশি হাজার নয়শত পাঁচ) টাকা মাত্র এবং “পার্ট-বি” - তে লেবার চার্জ বাবদ ৪,৯৬,৯৮২.৯১১/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত বিরাশি দশমিক নয় এক এক) টাকা মাত্র সহ সর্বমোট ৬,৭৭,৮৮৭.৯১১/- (ছয় লক্ষ সাতাত্তর হাজার আটশত সাতাশি দশমিক নয় এক এক) টাকা মাত্র। উল্লেখ্য যে, “পার্ট-এ” - তে অন্তর্ভুক্ত মালামাল সমূহ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে।

৩ আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটের পানির লাইন রক্ষনাবেক্ষন খাত হতে বহন করা যেতে পারে। যা বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৩৭ এ অন্তর্ভুক্ত।



৪। আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়নে কাজসমূহ Executive Engineer, MODS Zone-8, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন মহোদয়।


৫। এমতাবস্থায়, এর বর্ণনালোকে Different Diameter of water line leakage detection and repairing at DMA-805 under MODS Zone-8, Dhaka WASA শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উপস্থাপিত সর্বমোট ৪,৯৬,৯৮২.৯১১/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার নয়শত বিরাশি দশমিক নয় এক এক) টাকা মাত্র এর প্রাক্কলনের অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-২০০৮ এর ৬৩ বিধির ১(খ) উপ-বিধি মোতাবেক CPTU প্রণীত STD PW2(b) অনুসরণ করে Limited Tendering Method (LTM) এ e-GP প্রক্রিয়ার দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের অনুমোদন। প্রস্তাব সমূহ সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

Imam
28.06.20
ইমামুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-০৮, ঢাকা ওয়াসা।

SDE
24.08.25
মোঃ গোলাম মোস্তফা খন্দকার
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৮, ঢাকা ওয়াসা।

AE
24.08.25
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-2
24.08.25
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

৬/০৯/২০২৫
24.08.25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।